

নং- ৪০.০০.০০০০.১১.০৯.০০১.২৪-৬৪৫

তারিখ: ০৭ কার্তিক ১৪৩২
২৩ অক্টোবর ২০২৫

অফিস আদেশ

জুলাই গণ-অভ্যুত্থানের আহত ও শহীদ পরিবারের সদস্যদের জন্য টেকসই চাকরি ও আয়-উৎপাদনমূলক সুযোগ তৈরির নিমিত্ত জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন কর্তৃক ডিসেম্বর/২০২৫ মাসে ০২ দিন ব্যাপী “July Employment & Training Fair 2025” আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ উদ্যোগ বাস্তবায়নে সরকারের বিভিন্ন দপ্তরের পাশাপাশি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অংশগ্রহণ এবং সার্বিক সহযোগিতা আবশ্যিক মর্মে জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন কর্তৃক প্রেরিত পত্রে উল্লেখ করা হয়। তৎপ্রেক্ষিতে “July Employment & Training Fair 2025” উদযাপনে সহযোগিতার লক্ষ্যে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তরের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে নির্দেশক্রমে কমিটি গঠন করা হলো:

| ক্র:নং | কর্মকর্তার নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|--------|---|-----------------|
| ১. | মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কেন্দ্রীয় তহিবল ও বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন | আহ্বায়ক |
| ২. | অতিরিক্ত মহাপরিচালক, শ্রম অধিদপ্তর | সদস্য |
| ৩. | যুগ্মসচিব (সংস্থাপন-১), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | যুগ্মসচিব (কর্মসংস্থান), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ৫. | যুগ্মসচিব (সংস্থাপন-২), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ৬. | অতিরিক্ত মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর | সদস্য |
| ৭. | উপসচিব (শ্রম), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ৮. | পরিচালক (যুগ্মসচিব), কেন্দ্রীয় তহিবল | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধি:

- জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন কর্তৃক “July Employment & Training Fair 2025” উদযাপনের নিমিত্ত এ মন্ত্রণালয়ের সাথে সম্পৃক্ত কার্যক্রম গ্রহণ ও সংশ্লিষ্টদের সার্বিক সহযোগিতা প্রদান;
- জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন কর্তৃক প্রেরিত বিবেচ্যপত্রের “প্রধান অংশীদার” শীর্ষক অনুচ্ছেদে বর্ণিত কলামে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের জন্য প্রযোজ্য অংশটুকু বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ সার্বিক সমন্বয় সাধন;
- শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাধ্যমে জুলাই আন্দোলনে আহত ও শহীদ পরিবারের সদস্যদের কর্মসংস্থান, দক্ষতা উন্নয়ন ও পুনর্বাসনের নিমিত্ত জাতীয় পর্যায়ের চাকরি সংযোগ, টেকনিক্যাল ট্রেনিং সেন্টার (TTC) সমন্বয় এবং নিয়োগদাতা প্রতিষ্ঠান যুক্তকরণে ভূমিকা পালন; এবং
- কমিটি প্রয়োজনে যে কোনো সদস্য কো-অপ্ট করতে পারবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষর

(মোহাম্মদ মাসুম)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫১৪০৭৩

ইমেইলঃ sasadmin@mole.gov.bd

বিতরণ:

- মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কেন্দ্রীয় তহিবল ও বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন
- অতিরিক্ত মহাপরিচালক, শ্রম অধিদপ্তর
- যুগ্মসচিব (সংস্থাপন-১), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- যুগ্মসচিব (কর্মসংস্থান), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- যুগ্মসচিব (সংস্থাপন-২), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- অতিরিক্ত মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- পরিচালক (যুগ্মসচিব), কেন্দ্রীয় তহিবল
- উপসচিব (শ্রম), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

অনুলিপি সদয় অবগতির জন্য:

১. সচিবের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
৪. যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
৫. অফিস কপি/গার্ড ফাইল


(মোহাম্মদ মাসুম)

সিনিয়র সহকারী সচিব